অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস নিউ ইয়র্ক সিটির পাবলিক হাউজিং অ্যাপার্টমেন্টসমূহে রান্নার ব্যবস্থার বৈদ্যুতিকরণ করতে ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জের সূচনা করলেন

একটি নতুন শ্রেণীর ইন্ডাকশন স্টোভ উৎপাদনের জন্য প্রস্তুতকারকের সন্ধানে NYCHA, NYPA, এবং NYSERDA অংশীদারগণ প্রস্তাবনার অনুরোধ জারি করবে

কর্মসূচির ফলে NYC পাবলিক হাউজিংয়ে 10,000 আধুনিক, ইন্ডাকশন স্টোভ ইনস্টল করা হবে

প্রারম্ভিক পাইলট কর্মসূচি 100 NYCHA অ্যাপার্টমেন্টে প্রোটোটাইপ ইন্ডাকশন স্টোভ ইনস্টল করবে

গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র এরিক অ্যাডামস আজকে ঘোষণা করলেন যে, বিদ্যমান গ্যাস স্টোভ প্রতিস্থাপন করতে এবং একই সাথে নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) ভবনসমূহের ব্যয়বহুল বৈদ্যুতিক উন্নয়নকাজ এড়াতে শক্তি দক্ষ ইন্ডাকশন স্টোভ নকশা ও উৎপাদন করার জন্য অ্যাপ্লায়েন্স প্রস্তুতকারকদের আহ্বান জানিয়ে একটি প্রস্তাবনার অনুরোধ প্রকাশ করার মাধ্যমে ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জ (Induction Stove Challenge) শুরু করতে নিউ ইয়র্ক স্টেট, নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারিত্ব করছে। NYCHA, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA), এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) জুলাই মাসে প্রথম প্রতিযোগিতামূলক উদ্ভাবন চ্যালেঞ্জটি ঘোষণা করে, যা পরিশেষে NYCHA অ্যাপার্টমেন্টসমূহে 10,000 ইন্ডাকশন স্টোভ স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করে।

"একটি নিরাপদ, স্বাস্থ্যকর বাসায় বাস করতে পারা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "সিটি এবং স্টেটের মধ্যকার উদ্ভাবনী এই নতুন অংশীদারিত্বটির ফলে নতুন এক শ্রেণীর ইন্ডাকশন স্টোভটপ তৈরি করবে, যা পরিশেষে NYCHA বাসিন্দাদেরকে তাদের বাসায় অত্যাধুনিক অ্যাপ্লায়েন্স প্রদান করবে। জলবায়ু ন্যায়বিচার এবং উদ্ভাবনী পরিচ্ছন্ন শক্তি সমাধানের প্রতি আমাদের প্রতিশ্রুতি দ্বারা নিউ ইয়র্ক দেশের শীর্ষেই থাকবে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "বহু কর্মজীবী নিউ ইয়র্কবাসীর জন্য অপরিহার্য পাবলিক হাউজিংয়ে বহু দশকের ফেডারেল বিনিয়োগের ঘাটতির পর, কীভাবে আমরা ভবিষ্যতের জন্য NYCHA কে গঠন করতে পারি তা নিয়ে বহু আগেই আমাদের সৃজনশীল হওয়া প্রয়োজন ছিলো। তবে আমাদের প্রশাসন এর জন্য তৈরিই ছিলো। ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জটি 100টির বেশি অ্যাপার্টমেন্টে NYCHA বাসিন্দাদের জন্য শক্তি দক্ষ এবং ব্যয় সাশ্রয়ী স্টোভ প্রদান করবে, এবং পরবর্তী গুরুত্বপূর্ণ পদক্ষেপ সনাক্ত করার জন্য আমরা গুরুত্বপূর্ণ এই প্রয়াসের ফলাফল ব্যবহার করতে পারবো।"

3 নভেম্বর, NYPA কর্তৃক জারি করা প্রস্তাবনার অনুরোধ (Request for Proposal, RFP) প্রস্তুতকারকদের এমন প্রস্তাবনা জমা দিতে আমন্ত্রণ জানায় যেখানে পুরোনো ভবনের জন্য স্বাভাবিক 120 ভোল্টের, 20 অ্যাম্পের আউটলেটে ইনস্টল করা যায় এমন নতুন ইন্ডাকশন স্টোভের জন্য উদ্ভাবনী সমাধান থাকবে। এক বা দুইজন প্রস্তুতকারককে বাছাই করা হলে, তাদের কাছে চ্যালেঞ্জের পাইলট পর্যায়ে পরীক্ষার জন্য 100 ইউনিট নতুন পণ্যের নকশা, প্রোটোটাইপ, ও উৎপাদন করার জন্য 24 মাস সময় থাকবে। 100টি পর্যন্ত NYCHA অ্যাপার্টমেন্টে এই ইউনিটগুলি ইনস্টল করা হবে, এবং প্রতিটি অংশগ্রহণকারী গৃহস্থালিকে নতুন রান্নার পাত্র প্রদান করা হবে, এর উদ্দেশ্য হলো শ্রেণীর সেরা, সুবিধাজনক রান্নার ব্যবস্থা প্রদান করা এবং একই সাথে NYCHA বাসিন্দাদের স্বাস্থ্য ও জীবনযাত্রার মান সংক্রান্ত সুবিধা প্রদান করা। চ্যালেঞ্জে অংশগ্রহণকারী প্রস্তুতকারকদের জন্য পাইলট পর্যায়ের পূর্বে শিল্পখাতের পরীক্ষা ও নিরাপত্তা মানদণ্ড সংগঠনের সাথে কাজ করা আবশ্যিক হবে, যেমন নভেল প্রযুক্তির জন্য প্রত্যয়ন অর্জন করতে আন্ডাররাইটার ল্যাবোরেটরিজ (Underwriter Laboratories)।

বাছাইকৃত পণ্যের পরীক্ষা সফল হলে এরপর NYCHA এর থেকে কমপক্ষে 10,000 ইউনিটের বড় আকারের ক্রয় আদেশ পাওয়া যাবে। প্রয়াসটি ভবন মালিকদেরকে দক্ষ ইন্ডাকশন রান্নাতে সাশ্রয়ীভাবে রূপান্তরের একটি প্রতিশ্রুতি প্রদান করবে এবং প্রস্তুতকারকদের নতুন স্টোভ পণ্যের জন্য একটি আরো বিস্তৃত আবাসিক বাজারে সম্ভাবনা সংক্রান্ত প্রতিশ্রুতি প্রদান করবে। প্রারম্ভিক ক্রয় কয়েক ডজন NYCHA ভবনকে তাদের শক্তি ব্যবস্থার সম্পূর্ণরূপে বৈদ্যুতিকরণ এবং জীবাশ্ম জ্বালানি ব্যবহার বন্ধ করতে সমর্থন করবে।

নতুন ইন্ডাকশন স্টোভ যাতে একটি বৃহৎ, জাতীয় বাজারে আসতে পারে তা নিশ্চিত করার জন্য NYSERDA উত্তর আমেরিকার অন্যান্য স্টেট, মিউনিসিপ্যালিটি, এবং আবাসন প্রদানকারীদের সাথে যোগাযোগ করছে যাতে চ্যালেঞ্জের ফলাফল সম্পর্কে উৎসাহ সৃষ্টি করা যায়। এইভাবে, চ্যালেঞ্জটি রান্নার বৈদ্যুতিকরণ করতে আগ্রহী অন্যান্যদের মধ্যে সম্ভাব্য চাহিদার পাইপলাইন গঠন করছে, বৃহত্তর বাজারের চাহিদার সাথে NYCHA এর পণ্যের বিশেষত্বকে সামঞ্জস্যপূর্ণ করছে। 300,000 আবাসন ইউনিটের প্রতিনিধিত্বকারী বারোটি এজেন্সি ইতিমধ্যে এই উদ্যোগকে সমর্থন করার জন্য নাম লিখিয়েছে।

9 জানুয়ারি, 2024 তারিখের মধ্যে RFP এর সাড়াদান করতে হবে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "ইন্ডাকশন স্টোভ উদ্ভাবন চ্যালেঞ্জের (Induction Stove Innovation Challenge)

মাধ্যমে এমন বৈদ্যুতিক স্টোভের বিকাশ হবে যা অন্যথায় অসমর্থক বিদ্যুৎ ব্যবস্থাসহ ভবনে কাজ করতে পারবে, যা এখন পর্যন্ত শক্তি দক্ষ অ্যাপ্লায়েন্স বাস্তবায়নকে বাধাগ্রস্ত করে রাখা একটি প্রতিবন্ধকতাকে নির্মূল করবে। এই চ্যালেঞ্জের মাধ্যমে তৈরি উদ্ভাবনী ইন্ডাকশন স্টোভটি NYCHA বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে, বাসিন্দাদের অত্যাধুনিক নতুন প্রযুক্তি দ্বারা লাভবান হতে দিবে, এবং দেশের জন্য একটি উদাহরণ স্থাপন করবে যে ভবনসমূহের ডিকার্বোনাইজেশন অগ্রসর করতে আমরা সামগ্রিকভাবে কর্মসূচি বাস্তবায়ন করছি।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি ও গবেষণা বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "ইন্ডাকশন রান্নার প্রযুক্তির বিকাশ অগ্রসর করতে NYCHA এবং NYPA এর সাথে অংশীদারিত্ব করতে পেরে NYSERDA গর্বিত, এটি ভবনসমূহের নিঃসরণ হ্রাস করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্বাস্থ্যকর জীবনযাপনের পরিবেশ তৈরি করতে একটি সাশ্রয়ী সমাধান। সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য লাভজনক হবে এমন অভীষ্ট জলবায়ু পদক্ষেপ বিনিয়োগের জন্য স্টেটের প্রতিশ্রুতির একটি অংশ এই চ্যালেঞ্জটি কয়েক হাজার NYCHA বাসিন্দার জন্য অতি আধুনিক শক্তি দক্ষ স্টোভ প্রদান করতে সাহায্য করবে কারণ একটি অন্তর্ভুক্তিকর পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে স্থানান্তর করতে নিউ ইয়র্ক কাজ করছে।"

আবাসন, অর্থনৈতিক বিকাশ এবং কর্মীবাহিনীর ডেপুটি মেয়র মারিয়া টোরেস-স্প্রিঙ্গার বলেন, "NYCHA গৃহস্থালিতে উদ্ভাবনী সমাধান নিয়ে আসার এই সহযোগিতামূলক প্রয়াস একাধিক প্রশাসনিক লক্ষ্যকে সম্মিলিত করে: নিরাপদ ও সাশ্রয়ী আবাসন প্রদান, বিভিন্ন শিল্পখাতজুড়ে সৃজনশীলতা বজায় রাখা, এবং সবুজতর একটি ভবিষ্যতের জন্য বিনিয়োগ করা। জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান প্রভাবের মধ্যে, এই চ্যালেঞ্জটি NYCHA বাসিন্দাদের জন্য জীবনযাত্রার মান উন্নত করবে, এবং সবুজ প্রযুক্তিকে অগ্রসর করবে।"

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা লিসা বোভা-হিয়াট বলেন, "ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জটি NYCHA এর জন্য আকর্ষণীয় একটি উদ্যোগ। আমাদের ভবনসমূহের বয়িষ্ণু অবকাঠামোর প্রয়োজন মেটাতে এই প্রগতিশীল, শক্তি দক্ষ রান্নার ব্যবস্থা তৈরি করার জন্য একটি শিল্পখাতকে প্ররোচিত করার পাশাপাশি এই ধরনের উদ্ভাবন যে সম্ভব তা বাকি নিউ ইয়র্ক, দেশ, এবং বিশ্বকে দেখাতে আমাদের স্টেট অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের প্রধান সম্পদ ও মূলধন ব্যবস্থাপনা কর্মকর্তা শান মাভানি বলেন, "ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জ দিয়ে যেই অগ্রগতি করা হচ্ছে তা দারুণ। বাজারে নতুন পণ্য নিয়ে আসা হলে তা শুধু NYCHA এর টেকসই লক্ষ্যকে অগ্রসর এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে না, বরং সরকারি বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে কীভাবে টেকসই হওয়া ও অন্যান্য ভবন ব্যবস্থার উদ্ভাবনকে চালিত করা যায় তার জন্য এটি একটি আদর্শ হয়ে উঠতে পারে। আমরা যদি 120 ভোল্টের আউটলেট ব্যবহার করে এবং সীমিত বৈদ্যুতিক উন্নয়নকাজের মাধ্যমে স্টোভের বৈদ্যুতিকরণ করতে পারি, তাহলে আমাদের ভবনসমূহের বৈদ্যুতিকরণ ও ডিকার্বোনাইজেশন আরেক ধাপ এগিয়ে যাবে।"

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "NYCHA বাসিন্দাদের স্বাস্থ্য ও জীবনযাত্রার মান সম্পর্কিত সুবিধা প্রদান করবে এমন একটি অ্যাক্সেসিবল ও সাশ্রয়ী পণ্য তৈরি করতে প্রস্তুতকারকদের উৎসাহিত করার একটি দারুণ সুযোগ হলো ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জ। উদ্ভাবনী এই কর্মসূচিটি জলবায়ু পরিবর্তন সমাধানে এবং পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের সম্প্রদায়সমূহে বিনিয়োগ ও পরিচ্ছন্ন শক্তির সমাধান নিয়ে আসতে গভর্নরের প্রতিশ্রুতিকে প্রদর্শন করে।"

স্টেট ও সিটির মধ্যকার অন্য একটি সফল অংশীদারিত্ব, সকলের জন্য পরিচ্ছন্ন তাপ চ্যালেঞ্জ (Clean Heat for All Challenge) অনুসারে ইন্ডাকশন স্টোভ চ্যালেঞ্জটি তৈরি করা হয়েছে, যেখানে একটি নতুন বৈদ্যুতিকরণ পণ্য উৎপাদন করতে NYCHA, NYPA, এবং NYSERDA প্রস্তুতকারকদেরকে একটি নতুন বৈদ্যুতিকরণ পণ্য বিকাশ ও উৎপাদন করার জন্য আমন্ত্রণ জানিয়েছিলো যা বহু পরিবারের ভবনের হিটিং ও কুলিং চাহিদা আরো ভালোভাবে পূরণ করবে এবং NYCHA ক্যাম্পাসসমূহে জীবাশ্ম জ্বালানির হিটিং উৎস থেকে স্থানান্তর ত্বরান্বিত করবে।

ইন্ডাকশন স্টোভ কর্মসূচিটি NYCHA এর টেকসই হওয়ার এজেন্ডার (Sustainability Agenda) প্রতিনিধি। 2021 সালে এর সূচনার সময় জলবায়ু পরিবর্তন সমাধানে আবাসন কর্তৃপক্ষ একটি উচ্চাকাঙ্ক্ষী প্রতিশ্রুতি পুনরায় গ্রহণ করে। NYCHA এর বাসিন্দা, সিটি এজেন্সিসমূহ, সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহ, এবং কারিগরি বিশেষজ্ঞদের সাথে 10 মাস ধরে কথা বলে অবগত কর্তৃপক্ষের এই এজেন্ডার মূল উদ্দেশ্য ভবনের সংস্কার ও সম্প্রদায়ের চাহিদার জন্য একটি সার্বিক পন্থা গ্রহণ করা।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের নজিরবিহীন বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রিন ব্যাংকের (Green Bank) 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রতিশ্রুতি৷ এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব

যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

NYCHA সম্পর্কে
নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য যথাযোগ্য, সাশ্রয়ী আবাসন প্রদান করার জন্য 1935 সালে উত্তর আমেরিকার সর্ববৃহৎ পাবলিক হাউজিং কর্তৃপক্ষ, নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ, গঠন করা হয়। প্রতি 17 জন নিউ ইয়র্কবাসীর মধ্যে 1 জন NYCHA তে বাস করেন, এটি পাবলিক হাউজিং এবং একত্রে স্থায়ী ক্রয়ক্ষমতার প্রতিশ্রুতি (Permanent Affordability Commitment Together, PACT) কর্মসূচি এবং সেই সাথে সেকশন 8 হাউজিংয়ের মাধ্যমে 528,105 অনুমোদিত বাসিন্দাকে সাশ্রয়ী আবাসন প্রদান করে। 335টি গতানুগতিক পাবলিক হাউজিং এবং PACT ডেভেলপমেন্টসমূহের 2,411টি ভবনে NYCHA এর 177,569 অ্যাপার্টমেন্ট আছে। পাশাপাশি, NYCHA বাসিন্দাদেরকে বাহ্যিক এবং অভ্যন্তরীণ অংশীদারদের প্রদত্ত অতি গুরুত্বপূর্ণ কর্মসূচি এবং সেবার সাথে সংযুক্ত করে দেয়, যার মূলত অর্থনৈতিক সুযোগ, তারুণ্য, সিনিয়র, এবং সামাজিক সেবা সংক্রান্ত হয়ে থাকে। পাঁচটি বরোতে আবাসন মজুদ নিয়ে, NYCHA শহরের মধ্যে আরেকটি শহর।

NYPA সম্পর্কে
NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বন্ড বিক্রির মাধ্যমে এবং বিদ্যুতের বিক্রয়ের মাধ্যমে বৃহৎ অংশে অর্জিত আয় দ্বারা তার ক্রিয়াকলাপে অর্থায়ন করে। আরো তথ্যের জন্য www.nypa.gov দেখুন এবং টুইটার, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার ও লিঙ্কডইন এ আমাদেরকে অনুসরণ করুন।

NYSERDA সম্পর্কে
NYSERDA, হল জনগনের সুবিধার্থে একটি কর্পোরেশন, যা লক্ষ্য সম্পর্কিত তথ্য এবং তার বিশ্লেষণ, আধুনিকতাকরণ প্রোগ্রাম, কারিগরী দক্ষতা এবং নিউইয়র্কবাসীদের বিদ্যুৎশক্তির কার্যকারিতা, অর্থ অপচয় কম করতে, রিনিউএবল বিদ্যুৎশক্তিকে ব্যবহার করতে এবং জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমানোর জন্য তহবিলের মাধ্যমে সাহায্য করে। NYSERDA পেশাদাররা পরিবেশ রক্ষায় এবং ক্লিন-এনার্জি কর্মসংস্থান তৈরিতে কাজ করে। 1975 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটে NYSERDA উন্নত আধুনিক মানের বিদ্যুশক্তির সমাধানের উদ্দেশ্যে পার্টনারশীপের বিকাশ সাধন করে চলেছে। NYSERDA-এর কর্মসূচি এবং তহবিল প্রাপ্তির সুযোগ সম্পর্কে আরো তথ্য জানতে, nyserda.ny.gov ওয়েবসাইট দেখুন অথবা টুইটার (Twitter), ফেসবুক (Facebook), ইউটিউব (YouTube), বা ইনস্টাগ্রাম (Instagram) এ আমাদের অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন